

২০১৪-১৫ শিক্ষাবর্ষের মাস্টার্স ১মপর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এমএ/এমএসএস/এমবিএস মাস্টার্স ১মপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনে অংশগ্রহণেচ্ছুক ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম নিম্নবর্ণিত সময় সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

অফিস চলাকালীন সময় নির্ধারিত ফিসের টাকা প্রশাসনিক ভবনের নীচ তলায় রেজি:শাখায় জমা দিয়ে, আবেদন ফরম গ্রহণ পূর্বক যথাযথ ভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে একসেট ফটোকপিসহ মোট ০২ (দুই) সেট রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

০১। ফি জমা, আবেদন ফরম গ্রহণ ও জমাদানের সময়সূচী :

(ক) তারিখ : ০৫/০৮/১৭ হতে ২০/০৮/১৭ইং পর্যন্ত (সময় সকাল- ৯:৩০ থেকে দুপুর ২:০০টা পর্যন্ত)

(খ) ফিসের পরিমাণ : ২২০০/-

০২। প্রাইভেট রেজিস্ট্রেশনের যোগ্যতা :

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ৩ বৎসর মেয়াদী ডিগ্রী (পাস) ও ৩ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে উত্তীর্ণ ছাত্রীরা ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর ১ম পর্বে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৪ বৎসর মেয়াদী অনার্স কোর্সে পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীগণও স্নাতকোত্তর ১ম পর্বে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীরা স্নাতকোত্তর ১ম পর্বে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

৩। বিষয় নির্বাচন :

(ক) মাস্টার্স ১মপর্ব কোর্স (প্রাইভেট) রেজিস্ট্রেশনের জন্য অনুমোদিত বিষয়সমূহ:

বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস:ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, মার্কেটিং

(খ) ব্যবহারিক ক্লাস বা মাঠকর্ম সম্বলিত বিষয়ে মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়।

(গ) ডিগ্রী পাস কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইতিহাস / ইস:ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গন্য করা যাবে।

(ঘ) নূন্যতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতীত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি অত্র কোর্সে বাংলা ও ইংরেজি বিষয়ে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না।

(ঙ) মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিয়মিত পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত পাঠ্যসূচী অনসরণ করতে হবে।

৪। প্রয়োজনীয় কাগজপত্র (পূরণকৃত আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে) :

ক) এস.এস.সি / সম্মান, এইচ.এস.সি/সম্মান, ডিগ্রী/সম্মান পাশের নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি;

খ) ডিগ্রী/সম্মান পাশের রেজি:কার্ডের সত্যায়িত ফটোকপি;

গ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের ০১ কপি সত্যায়িত ছবি আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে আইকা গাম দিয়ে সংযুক্ত করতে হবে এবং অন্য ৩ কপি ছবি ফটোকপি সেটের সাথে স্ট্যাপলার করে দিতে হবে।

(ঘ) বিষয় কোড /পত্রকোড সঠিকভাবে পূরণ করতে হবে। (বিষয় কোড নোটিশ বোডে দেয়া আছে)।

বি:দ্রঃ স্নাতকোত্তর ১মপর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ শিক্ষাবর্ষ।

০২/০৮/১৭
(প্রফেসর ড. শামসুন নাহার)
অধ্যক্ষের ড. শামসুন নাহার)
আইডি নং-৩১৭
ইডেন মহিলা কলেজ, ঢাকা
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।